# সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৬৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬৮]

৪/ উযূ (كتاب الوضوء)

পরিচ্ছেদঃ ১২৬। উযূ এবং গোসলে ডান দিক থেকে শুরু করা

باب التَّيَمُّنِ فِي الْوُضُوءِ وَالْغُسْلِ

আরবী

حَدَّثَنَا حَفْصُ بْنُ عُمَرَ، قَالَ حَدَّثَنَا شُعْبَةُ، قَالَ أَخْبَرَنِي أَشْعَثُ بْنُ سُلَيْمٍ، قَالَ سَمِعْتُ أَبِي، عَنْ مَسْرُوقٍ، عَنْ عَائِشَةَ، قَالَتْ كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم يُعْجِبُهُ التَّيَمُّنُ فِي تَنَعُّلِهِ وَتَرَجُّلِهِ وَطُهُورِهِ وَفِي شَأْنِهِ كُلِّهِ.

বাংলা

১৬৯। হাফস ইবনু ’উমর (রহঃ) .... ’আয়িশা (রাঃ) থেকে বর্ণিতঃ তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জুতা পরা, চুল আঁচড়ানো এবং পবিত্রতা অর্জন করা তথা প্রত্যেক কাজই ডান দিক থেকে শুরু করতে ভালবাসতেন।

## English

While performing ablution or taking a bath one should start from the right side of the body

Narrated `Aisha: The Prophet (sallallahu 'alaihi wa sallam) used to like to start from the right side on wearing shoes, combing his hair and cleaning or washing himself and on doing anything else.

হাদিসের শিক্ষা

প্রাসঙ্গিক আলোচনা

ডান দিক যে কোনো ভালো কাজের জন্য ব্যবহার করা সুন্নাতসম্মত। ইমাম সানাআনী বলেন, আল্লাহ ও তাঁর রাসুল কর্তৃক কোনো কিছু পছন্দ করার বিষয়টি বর্ণিত হলে সেটি নিদেনপক্ষে বৈধ হওয়া সাব্যস্ত করে; কারণ তা হয় ওয়াজিব হবে না হয় মুস্তাহাব হবে। ইমাম ইবন তাইমিয়্যাহ রাহিমাহুল্লাহ বলেন, ডান দিক ব্যবহারের এ নিয়ম থেকে বাথরুমে প্রবেশ করা, মসজিদ থেকে বের হওয়া ইত্যাদি কর্মকাণ্ডগুলো ব্যতিক্রম ধরা হবে।

* এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:

১। প্রকৃত ইসলাম ধর্মের একটি স্থায়ী বিধান হলো এই যে, সম্মানিত ও সমাদৃত কাজে অথবা যে বিষয়টির দ্বারা সম্মান ও মর্যাদাদান করা হয়: যেমন জামাকাপড়, পাজামা, মোজা পরিধান করা। এবং মাসজিদে প্রবেশ, মেসওয়াক বা দাঁতন ব্যবহার করা, চোখে কাজল বা সুরমা লাগানো, নখ কাটা, মোচ ছাঁটা, চিরনির দ্বারা মাথার চুল আঁচড়াবার সময়, বগলের চুল উপড়ানো বা তুলে ফেলার সময়, মাথার চুল মুণ্ডন এবং নামাজ শেষে সালাম ফেরানো, পবিত্রতার্জন করার সময়, দেহের অঙ্গগুলি ধৌত করার সময় ডান দিক থেকে শুরু করা উত্তম। অনুরূপভাবে শৌচাগার বা টয়লেট থেকে বের হওয়ার সময়, পানাহার ও মুসাফাহা করার সময় এবং  হাজরে আসওয়াদ স্পর্শ করার সময় এবং আরো ইত্যাদি সেই সমস্ত কাজে ডান হাত কিংবা  দিক থেকে আরম্ভ করা উত্তম বা মুস্তাহাব যে সমস্ত কাজে সম্মান ও মর্যাদাদান করা হয় ।

২। তবে যে সমস্ত কাজে সম্মান ও মর্যাদা দান করা হয় না যেমন, শৌচাগার বা টয়লেটে প্রবেশ করা, মাসজিদ থেকে বের হওয়া,  নাক পরিষ্কার করা, মলত্যাগের পর মলদ্বার ইত্যাদি পরিষ্কার করা, জামাকাপড়, পাজামা, মোজা ইত্যাদি খোলার কাজগুলি বাম দিক থেকে সম্পাদন করা উত্তম বা মুস্তাহাব। আর এই বিধানটির উদ্দেশ্য হলো ডান দিকের সম্মান ও মর্যাদা দান করা।

৩। প্রত্যেক মুসলিম ব্যক্তির একটি অপরিহার্য বিষয় হলো এই যে, তারা যেন প্রকৃত ইসলাম ধর্মের কার্য সম্পাদনের ক্ষেত্রে আল্লাহর রাসূল [সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম] এর সঠিক পন্থায় অনুসরণ করে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=177

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন